

কেউ কারো বন্ধু নই

হয়তো আমরা কেউ কারো বন্ধু নই ,
পাশাপাশি একমুখী তাকাতে পারিনা কোনদিনই
সর্বক্ষণ মুখোমুখি দাঁড়িয়ে থাকি কারণে অকারণে ,
এভাবে দাঁড়িয়ে থাকাই আমাদের মজ্জাগত অভ্যাস ।
আমরা কেবলই সামনে দাঁড়ানো

অন্যের অঙ্গি ভঙ্গি দেখি ,
কে কী বললো তার ছিদ্রান্বেষণ করি
অর্থহীন মাতামাতিতে সময় কাটাই ।

অন্য জন সামনে দাঁড়িয়ে থাকে বলে
দেখা হয়না সামনের পথ ,
পরস্পর ঠোকা ঠুকিতে আগানো যায়না একচুলও ।
এমনি করে আবহমান কাল থেকে
জন্মসূত্রে আমরা একে অন্যের শত্রু ।

আমরা কেউ কি একটু সরে দাঁড়াতে পারিনা ,
একমুখী না-ই হোক
অন্য জনের পথের বাধা হয়ে
দাঁড়ানো কি ছাড়তে পারিনা !

পারিনা বলেই একই জায়গায় অনন্তকাল ধরে তড়পাচ্ছি,
অন্যকে ঠেলে ফেলে নিষ্কণ্টক করতে চাইছি পথ ।
কিছুতেই বুঝতে চাইনা ,
কিংবা বুঝিনা মোটেই ,

এভাবে আগানো যায়না কোনদিনই ।
মিত্র পেতে হলে কিঞ্চিৎ ছাড় দিতে হয়
গ্রাহ্য করতে হয় অন্যের মতামত
সহনশীলতায় পথ ছেড়ে দিতে হয় অন্যকে ।
সমমুখী আগানো নাই হোক ,
ভিন্নমুখী হলেও সামনে তো চলা যায় ।

ঢাকা : ১০.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম